

## ৬ ঈশ্বরের পথে খেলাধুলা

অতএব, হে ভ্রাতৃগণ, ঈশ্বরের নানা করুণার অনুরোধে আমি তোমাদিগকে বিনতি করিতেছি, তোমরা আপন আপন দেহকে জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গ কর, ইহাই তোমাদের চিত্ত সঙ্গত আরাধনা। আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নতুনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও, যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি, যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ।

রোমীয় ১২:১-২ পদ

১৯৮০ সালে হল্যান্ডে অনুষ্ঠিত একটি গ্রাস কোর্ট টুর্নামেন্টে উইমবলডন কোয়ার্টার ফাইনালিস্ট নডুকা ওডিজোর যখন খেলতে যাবেন তখন তিনি জানলেন যে তার প্রতিপক্ষ, কিছু একটা বিষয়ে মানসিকভাবে বিপর্যস্ত। “আমি শুনেছি সে বলছে যে সে একজোড়া গ্রাস কোর্ট জুতা পায়নি এবং এর ফলে সবজায়গায় সে পিছলে যাচ্ছিল। আমি তাকে আমার একজোড়া ধার দেয়ার প্রস্তাব দিলাম। আমার প্রতিপক্ষের মুখ অত্যন্ত বিম্বয়ে ছেয়ে গেল। সম্ভবত: সে ভাবছিলো, ‘কিভাবে একজন এত বোকা হতে পারে?’ তার সারা মুখমন্ডল জুড়ো যেন একটাই লেখা ছিল। ‘এখানে আমার হোটেলের চাবি।’ আমি বললাম, ‘যদি তুমি চাও গিয়ে সেগুলো আন অথবা কাউকে আনার জন্য পাঠাও।’

যখন আমাদের ম্যাচ এর ডাক এলো সেখানে সে আমার জুতা পড়ে ছিল!” যখন পাপ পৃথিবীতে প্রবেশ করল এবং এমন কি যখন আমরা একে আমাদের জীবনে স্বাগতম জানাই; এটা সবকিছু

২৯

ধ্বংস করে দেয়-খেলাধুলা সহ ও যেভাবে আমরা খেলি। সুখবর হলো যে যীশু খ্রীষ্টের মৃত্যুর মধ্য দিয়ে পাপ পরাজিত হলো। ঈশ্বর তার পুত্রকে এই পৃথিবীতে পাঠালেন এবং তিনিই ছিলেন একমাত্র যিনি কখনও ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেননি। যখন তিনি মৃত্যুবরণ করলেন তিনি পাপের জন্য আমাদের শাস্তি ঈশ্বর হতে গ্রহণ করলেন যেন যেদিন ঈশ্বর পৃথিবীর বিচার করবেন সেদিনের বিচার হতে আমরা উদ্ধার পাই। খ্রীষ্ট যা করলেন যদি আমরা গ্রহণ করি তাহলে নিশ্চিত স্বর্গে তাঁর সাথে অনন্ত জীবন পাবো এবং তখনই আমাদের জীবন ধীরে ধীরে পবিত্র আত্মার উপস্থিতিতে যা কখন পুরোপুরি নয় কিন্তু ঈশ্বরের অভিপ্রায় অনুযায়ী পুনঃরুদ্ধার হয়।

### নিয়ন্ত্রণ গ্রহণ করা

যখন আমরা ঈশ্বরকে আমাদের জীবন নিয়ন্ত্রণ করার জন্য অনুমতি দেই- খেলাধুলাসহ সমস্ত জিনিসই কলঙ্কিত-যা সংশোধন হওয়া শুরু করে। ঈশ্বর সেগুলোর প্রতি দৃষ্টিপাত করা শুরু করেন এবং আমাদের মাঝে কাজ করেন। তিনি ওই জিনিসগুলোর সাথে কাজ শুরু করেন এবং পবিত্র আত্মা বাইবেলের মাধ্যমে আমাদের সাথে কথা বলে; তিনি আমাদের সাথে কথা বলেন; তিনি আমাদের জীবনের সঠিক নয় এমন বিষয়গুলোতে তিনি চ্যালেঞ্জের সম্মুখীন করেন। এটা আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রযোজ্য, যাদের বিরুদ্ধে যেভাবে খেলে থাকি তারা সহ।

রোমীয় ১২ অধ্যায় দেখুন। রোমীয় পুস্তকের প্রথম এগারটি অধ্যায়ে ঈশ্বর আমাদের জন্য খ্রীষ্টের মধ্য দিয়ে যে আশ্চর্য্য কাজ করেছেন তার ব্যাখ্যা দেয়া হয়েছে। ১২:১-২ পদে

৩০

প্রেরিত পৌল রোমীয়দের ঈশ্বরের দয়ার আলোতে বাস করার জন্য বলেছেন। “অতএব ঈশ্বরের নানা করুণার অনুরোধে” খ্রীষ্টিয় নীতি হলো খ্রীষ্টানদের কৃতজ্ঞতাপূর্ণ বাধ্যতা যা ঈশ্বর খ্রীষ্টের মধ্য দিয়ে করে দেখিয়েছেন।

পৌল বলছেন যে ঈশ্বর খ্রীষ্টের মধ্য দিয়ে আমাদের রক্ষা করেছেন এবং আমাদের মধ্যে তাঁর প্রতিমূর্তি পুনঃস্থাপিত করেছেন। এখন আমাদের মাঝে ঈশ্বরের ক্ষমতা রয়েছে যাতে খেলাধুলার দক্ষতা ব্যবহার করে একমাত্র তাঁর সন্তুষ্টির জন্য পুনঃরুদ্ধার শুরু করতে পারি এবং খেলাধুলাপ্রিয় প্রতিবেশীদের ভালোর জন্য আমাদের সম্পর্ক পুনঃরুদ্ধার করতে পারি।

তাহলে এই পদ্ধতিটি কিরূপ? রোমীয়দের প্রতি পত্রের লেখক পৌল বলেন, “আমি তোমাদিগকে বিনতি করিতেছি, তোমরা আপন আপন দেহকে জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গকর, ইহাই তোমাদের চিত্ত-সঙ্গত আরাধনা।”

একটি জীবন্ত বলি! যখন পৌল একটি জীবন্ত বলি সম্বন্ধে লেখেন, সেটা বিপরীত দুই ধরনের অর্থে। বলি জীবিত নয়। আপনি তাদের মাথা কেটে ফেলেন বা তাদের টুকরা করেন। পৌল আপাতদৃষ্টিতে এটি অসম্ভবত বিষয় বলে এমন শব্দ ব্যবহার করেছেন।

এখন যদি আপনি একজন ক্রীড়াব্যক্তিত্ব হন জীবিত বলি হিসাবে আপনার দেহকে উৎসর্গ করার ধারণাটির অতিরিক্ত অর্থ রয়েছে। যদি আপনি খেলতে যান তবে একটি দেহের প্রয়োজন রয়েছে।

৩১

কিন্তু আমাদের বলা হয়েছে দেহটিকে জীবন্ত বলি হিসাবে উৎসর্গ করতে। একটি বলি বেদীর উপর নড়াচড়া করে। এটার অর্থ এই নয় যে আমরা খেলবো না কিন্তু আমাদের অবশ্যই খেলতে হবে এমন মানুষ হিসাবে যেন যীশু খ্রীষ্টের জন্য আমাদেরকে এই দেহ দেয়া হয়েছে। এটা বেশ কঠিন মনে হয়। সব সময় এই বিষয়ে আপনি আসলে যুদ্ধে অবতীর্ণ হয়ে থাকেন। পাপ আমাদের উপর থেকে কখনও চলে যাবে না। আমরা মনে করি আমরা এটা ত্যাগ করেছি। আমরা মনে করি “বেশ ভাল, একমাসের জন্য আমি কোন পরীক্ষায় পড়বো না-ভাল কথা” এবং আপনি এটা জানার পূর্বে এটা আবার করেছেন। ওটা কোথা হতে এসেছিল?

যখন আপনি আসলে ভাল খেলছেন এবং আপনি জানেন সবাই বলবে তুমি কত মহান, উদ্ধত না হওয়া কত কঠিন এবং শেষ পাঁচমিনিটের জন্য আপনার পা সরিয়ে নিন কারণ কেউ আপনাকে সতর্ক করে দিবে না? ঈশ্বর করবেন এবং তিনি সর্বদা আপনাকে সবকিছু দিতে চান, শেষ পাঁচ মিনিট সহ।

যখন কেউ আপনাকে প্ররোচিত করছে, মানসিকভাবে বিপর্যস্ত করতে চাচ্ছে, আসলে নিয়ম ভাঙতে বলছে ক্রীড়াক্ষেত্রে যা গ্রহণযোগ্য তা থেকে সরে যেতে বলছে, আপনার প্রতিক্রিয়া কেমন হবে? কিভাবে এটা আপনি সমাধা দিবেন? কিভাবে আপনি পাপমুক্ত থাকবেন? কিভাবে আপনি তাদের ভালবাসবেন? কিভাবে আপনি আপনার সমস্ত অন্তকরন দিয়ে প্রার্থনা করবেন এবং এটাকে একত্রে ধরে রাখবেন এবং যীশুর প্রতিনিধিত্ব করবেন এবং কিভাবে তাদের সম্মান দেখাবেন যখন তারা আপনাকে সম্মান দিচ্ছেনা?

৩২